

সংবাদ

প্রিন্ট: ০৩ নভেম্বর ২০২৪, ১১:০৮ এএম

শিক্ষাঙ্গন

উপাচার্য নিয়োগের দাবিতে চাঁবিপ্রবি শিক্ষার্থীদের আলটিমেটাম



চাঁদপুর প্রতিনিধি

প্রকাশ: ০১ নভেম্বর ২০২৪, ১০:৫৩ পিএম



উপাচার্য ও রেজিস্ট্রার নিয়োগের দাবি জানিয়েছেন চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চাঁবিপ্রবি) সাধারণ শিক্ষার্থীরা। সেই সঙ্গে আগামী ৩ কর্মদিবসের মধ্যে উপাচার্য নিয়োগ না দিলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন শিক্ষার্থীরা।

শুক্রবার (১ নভেম্বর) দুপুরে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী অ্যাকাডেমিক ভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ আলটিমেটাম দেন তারা।

সংবাদ সম্মেলনে দাবি তুলে ধরে বক্তব্য রাখেন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী সিয়াম হোসেন খান।

লিখিত বক্তব্যে জানানো হয়, গত ৮ অক্টোবর শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে সাবেক উপাচার্য ড. নাছিম আখতারকে অব্যাহতি দেওয়া হয়। অব্যাহতির ২৮ দিন পেরিয়ে গেলেও এখনো ভিসি নিয়োগ না দেওয়ায় বিশ্ববিদ্যালয়ের সব অ্যাকাডেমিক, প্রশাসনিক ও ক্লাস কার্যক্রম বন্ধ রয়েছে। এতদিন ধরে ক্লাস বন্ধ থাকায় শিক্ষার্থীদের চরম সমস্যা হচ্ছে। শিক্ষার্থীরা এখন ক্লাস কার্যক্রমে ফিরতে চায়।

শিক্ষার্থীরা জানান, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য না থাকায় নতুন ভর্তি কার্যক্রম বন্ধ রয়েছে; যে কারণে ওই সব শিক্ষার্থীদের জীবন ঝুঁকির মধ্যে আছে। যত দ্রুত সম্ভব উপাচার্য নিয়োগ দিয়ে প্রশাসনিক কার্যক্রম শুরু করা হোক। আর যদি তা না করা হয় এবং আগামী ৩ কার্যদিবসের মধ্যে কোনো ফলাফল না পেলে আমরা কঠোর আন্দোলনে যেতে বাধ্য হবো।

এ সময় শিক্ষার্থীদের মধ্যে উপস্থিত ছিলেন- কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের নাজমুল হাসান, তাহমিদ, আইসিটি বিভাগের নেহাল, মাহমুদুল হাসান, ফ্যালকন সৌরভ, নাফিউল ও বিবিএর আহসান হাবীব।